ইন্টারনেট মেলায় প্রাচীনাল, পোস্ত ও বিসেস স্পানর হিল খাখাফমে একটেল, কাহির্ভি, ছয়টিই টেলিকম এবং আইসিপি। ■

দোহাটেক নিউ মিডিয়ায় সিমসা ও সিল্পো পুরস্কার অর্জন

দেশীয় সফটওয়্যার ডেভেলপারী প্রতিষ্ঠান দোহাটেক নিউ মিডিয়াকে সুইস ইন্টারেক্টিভ মিডিয়া এন্ড সফটওয়্যার এসোসিয়েশন (সিমসা)



মিডান কারিও প্যামিসিয়ানির কাছ থেকে পুরস্কার সিঙ্গেল দ্বারা পায়সোহো

এং সুইস ইন্টারেক্টিভ এসোসিয়েশন (সিমসা) সপ্তাহি দুটি এওয়ার্ড প্রদান করেছে। দোহাটেকের বিজনেস প্রসেস সফটওয়্যার এজেকুট - ও -ওরফে -সলিউশন - সফটওয়্যার প্রকিউরমেন্ট সিস্টেম-এর জন্য এই পুরস্কার দেয়া হয়। এ দুটি সফটওয়্যার খাখাফমে বিশ্বব্যাপক, বিশ্ববাস্তব সফ্বে এবং বাংলাদেশ সরকারের সেন্ট্রাল প্রকিউরমেন্ট টেকনিক্যাল ইউনিটে ব্যবহার করা হচ্ছে। ২৫মে ২০০৫ সুইজারল্যান্ডের বাসেলে দোহাটেকের চ্যাম্বারম্যান লুনা শামসুনোহা তুটি বোর্ডের সভাপতি জিয়ান কারিও প্যামিসিয়ানির কাছ থেকে আনুষ্ঠানিক এ পুরস্কার গ্রহণ করেন। ■

চীন সফরে বাংলাদেশের ১৪ সদস্যের প্রতিনিধি দল আসুস ফ্যাক্টরি পরিদর্শন

চীনের অন্যতম কমপিউটার সামগ্রী নির্মাতা ও বাজারজাতকারী প্রতিষ্ঠান আসুস-এর ফ্যাক্টরী এবং গবেষণা ও উন্নয়ন কেন্দ্র সপ্তাহি পরিদর্শনে যান বাংলাদেশের ১৪ সদস্যের এক প্রতিনিধি দল। বাংলাদেশে আসুসের বিজনেস পট্টনার গ্লোবাল ব্রান্ড (গা:) সি-এর চেম্বারম্যান

এ.এস.এম ফজাহ'র নেতৃত্বে সফরকারী এ প্রতিনিধি দলে আসুস অনুমোদিত ১০ ডিলার প্রতিনিধি এবং ৩ জন গনমাধ্যম প্রতিনিধি ছিলেন। আসুসের দক্ষিণ এশিয় অঞ্চলের ব্যবস্থাপনা পরিচালক এন্ড সুই এবং সেলস এন্ড মার্কেটিং ম্যানেজার রিচার্ড বেন পরিদর্শনের সময় প্রতিনিধি দলের সদস্যদের আসুস ফ্যাক্টরির বিভিন্ন অংশ ঘুরে দেখান। এই ফ্যাক্টরিতে আসুস মাদারবোর্ড, ইমেজিং প্রোজেক্টর (সিডি-রম, সিডি রাইটার, ডিজিট প্রেয়ার) ইত্যাদি ছাড়াও সনির প্রটেইশন এবং ল্যাপটপ নির্মাণ করা হয়।



আসুস ফ্যাক্টরি পরিদর্শনে বাংলাদেশ প্রতিনিধি দলের সদস্যসমূহ

সফরকারী এই প্রতিনিধি দলে গ্লোবাল ব্রান্ডের রফিকুল আনোয়ার, সমীর কুমার দাস, জিয়াউর রহমান, নেট স্টারের আ: মুকতারি, বিশিষ্ট কমপিউটারশর্ন অজিম উদ্দিন আহমেদ, সেইফ আইটি'র আকতারুলকামান, ড্রিমল্যান্ড কমপিউটারের আসাদ বানু, মনার্ক ডিভিশনের ফারুক আহমেদ ভূইয়া, সিস্টেম প্যালেসের জিন্নর দাস সাপার, কমপুটের মাহবুবুর রহমান মামুদ, চট্টগ্রামের কমপিউটার ডিপেজের মো: তৌফিক এলাহী, গুয়ান টপ কমপিউটারস-এর মো: শহীদুল কাইনার, এবং মাল্টিকনের রফিকুল ইসলাম মনা ছিলেন। ■

বাংলাদেশ প্রতিনিধি দলের অংশ গ্রহণ

সিউল ডিজিটাল ফোরাম ২০০৫ অনুষ্ঠিত

দক্ষিণ কোরিয়ার সিউলে সপ্তাহি অনুষ্ঠিত হলো সিউল ডিজিটাল ফোরাম ২০০৫ এবং ওয়ার্ড আইসিটি সামিট। বাংলাদেশ থেকে এই ফোরামে বিজ্ঞান ও আইসিটি মন্ত্রী ড. আবদুল মঈন খানসহ একাটি প্রতিনিধি দল অংশ নেন। দক্ষিণ কোরিয়ার এসুসিডেট এই অনুষ্ঠানে উদ্বোধনী বক্তব্য রাখেন এবং মূল প্রবন্ধ পাঠ করেন যুক্তরাষ্ট্রের সাবেক ভাইস প্রেসিডেন্ট আল-গোর। এছাড়া অনুষ্ঠানে দক্ষিণ কোরিয়ার তথ্য ও যোগাযোগ মন্ত্রী ডি জি চীনস-ই বিভিন্ন দেশের



ডিজিটাল ফোরামের বৈঠকে বক্তব্য রাখছেন ড. আবদুল মঈন খান। পাশে রয়েছেন ছায়াত ছাতিবুঝ

আইসিটি বিষয়ক মন্ত্রী এবং বিখ্যাত আইসিটি কোম্পানিগোত্র প্রধান নির্ধারী কর্মকর্তাগণ অংশ নেন। সকলেনে মন্ত্রী দেশে ইতোমধ্যে গৃহীত আইসিটি উদ্যোগসমূহ এবং এতদ সর্পর্কিত নীতিমালা ও আইন প্রণয়নের বিষয় তুলে ধরেন। ■

জাপানে আমাদের গ্রাম প্রকল্পের কার্যক্রম প্রদর্শন

জাপানের টোকিও ওকানোমিজু গুয়াম্য ইউনিভার্সিটিতে বাংলাদেশ ফ্রেঞ্জিশপ এডুকেশন সোসাইটি (বিএফইএন)-এর আমাদের গ্রাম প্রকল্পের কার্যক্রম সপ্তাহি প্রদর্শন করা হয়। বাংলাদেশ গ্রাম পর্যায়ে বিভিন্ন বয়সের নারীদের কীভাবে কমপিউটার গ্রশিকণ দেয়া হয় এবং

তারা কীভাবে কমপিউটার ও তথ্য প্রযুক্তি ব্যবহার করে এ সময় তা উপস্থাপন করা হয়। আমাদের গ্রাম প্রকল্পের পরিচালক রেজা সোলিম এ কার্যক্রম উপস্থাপন করেন; তাকে সহায়তা করেন এডুকেশন ফর এমপাওয়ারমেন্টের সতিথ জে হামাদা। ■



উইন্ডোজ মোবাইল ৫.০ ওএস রিলিজ



সফটওয়্যার জায়েন্ট মাইক্রোসফট কর্পা. কর্তৃক মোবাইল ফোনসহ সব ধরনের পিডিএ'র জন্য ডেভেলপ করা ওএস উইন্ডোজ মোবাইল ৫.০ সম্প্রতি রিলিজ করেছে। মাইক্রোসফটের চেয়ারম্যান বিল গেটস আনুষ্ঠানিক ওএসটি রিলিজ করেন। এতে মাইক্রোসফট ওয়ার্ল্ড, এক্সেল ও পাওয়ার পয়েন্টের মতো প্রোগ্রাম ব্যবহারের সুযোগ রয়েছে। মোবাইল ফোন সেট ও পকেট পিসি'র মতো পিডিএ'র সাথে বিশেষভাবে নির্মিত হোট কীবোর্ড যুক্ত করে এই সফটওয়্যার ব্যবহার করা যাবে। এই ওএস সিমিয়ান ও ব্র্যাকবেরির বাজার অনেকটা দখল করে নিতে পারবে বলে মাইক্রোসফট আশা করছে। ■

সনি'র ওয়্যারলেস ল্যাপটপ কমপিউটার বাজারে

জাপানের সনি কর্পা. দ্য দিউ ডায়ো V350 ওয়্যারলেস নোটবুক সম্প্রতি বাজারে ছেড়েছে। ২.১৯৯ ডলার মূল্যের এই ল্যাপটপ কমপিউটারে এজ প্রযুক্তি-ভিত্তিক ইন্টারনাল ফ্ল্যাশ/হাডহে এবং সিইউএল ওয়্যারলেস ন্যানো-সিইউএল সমাধি করার ইন্টারনেটের সাথে সংযুক্ত না করেই সার্ফিং করা যায়। কৈনুতিক এডাটর বিহীন ও পাউড জেবের এই ল্যাপটপে ডিভিডি-রম ড্রাইভ রয়েছে। ■



DIIT এবং হলমসগ্রেন ইনস্টিটিউট-এর চুক্তি

অস্ট্রেলিয়ার হলমসগ্রেন ইনস্টিটিউট অব ট্যাক্স এবং ডেফেন্সি ইনস্টিটিউট অব অ্যাকাউন্টিং (ডিআইআইটি)-এর মধ্যে একটি শিকা চুক্তি সম্প্রতি স্বাক্ষরিত হয়েছে। এই চুক্তির ফলে ডিআইআইটি'র শিক্ষার্থীরা দেড় বছর মেয়াদি তথ্য প্রযুক্তি ও ব্যবসায় বিষয়ে ডিপ্লোমা সম্পন্ন করে অস্ট্রেলিয়ার বাকি দেড় বছর স্নাতক ডিগ্রী সম্পন্ন করতে পারবে।

উভয় প্রতিষ্ঠানের পক্ষে এই চুক্তি পুরো স্বাক্ষর করেন ডিআইআইটি'র একাডেমিক ডিরেক্টর মোহাম্মদ নুরুজ্জামান ও হলমসগ্রেন ইনস্টিটিউটের গর্ডন ডিকসন। এ সময় অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে ডেফেন্সি ইন্স. ইউনিভার্সিটির চেয়ারম্যান মো: সত্বর খান, উপচার্য অধ্যাপক আমিনুল ইসলাম, উপ-উপচার্য অধ্যাপক এম শাহজাহান মিনা, সেকিটার ড. মোস্তফা কামান, ডিআইআইটি'র প্রধান কোর্স সমন্বয়কারী ড. মো: ফখরে হোসেন প্রমুখ উপস্থিত ছিলেন। ■

মোশিতা কমপিউটার 'এবং চট্টগ্রামের সিমস ইন্টারেক্টিভ'র চুক্তি

কমপিউটার বাজারজাতকারী ঢাকার প্রতিষ্ঠান মোশিতা কমপিউটার এন্ড ইঞ্জিনিয়ার্স লি: এবং চট্টগ্রামের সিমস ইন্টারেক্টিভ-এর মধ্যে সম্প্রতি এক চুক্তি স্বাক্ষরিত হয়। এই চুক্তির শর্তনামায়ী সিমস ইন্টারেক্টিভ BENQ, এমএটি প্রসেসর, ZYXEL এবং এলবি ব্রান্ড পিপি-এর চট্টগ্রামে একমাত্র পরিবেশক হিসেবে এসব ব্র্যান্ডের কমপিউটার সামগ্রী বাজারজাত করবে।

উভয় প্রতিষ্ঠানের পক্ষে এই চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে উপস্থিত ছিলেন মোশিতা কমপিউটার এন্ড ইঞ্জিনিয়ার্সের চেয়ারম্যান শাহ মোহাম্মদ মোবারক হাসান, ব্যবস্থাপনা পরিচালক সালির আহম্মেদ, হোতাড়ি ম্যানেজার ইফরাজুল হক, অফিস হাসানত এবং সিমস ইন্টারেক্টিভ-এর প্রধান নির্বাহী কর্মকর্তা মনোজ পাল, প্রধান নির্বাহী (খর্ব ও প্রশাসন) ইফতেখার হোসেন, প্রধান নির্বাহী (ব্যবসায় উন্নয়ন) গোপাল পাল প্রমুখ। ■

মগবাজারে ডেফেন্ডিভল'র শো রুম

ঢাকার মগবাজারে ডেফেন্ডিভল কমপিউটার্স লি: খুব শিগগির একটি শো রুম চালু করতে মাচ্ছে। এ লক্ষে আউটার সার্কুলার রোডস্থ দি গ্রান্ড প্রজায় ৭৯ বর্গফুট স্পেস কিনে নিয়েছে কমপিউটার্স। এই শো রুম ডেফেন্ডিভল প্রতিষ্ঠানটি কর্তৃক বাজারজাতকৃত সব ধরনের কমপিউটার সামগ্রী পাওয়া যাবে। ■

একটেলের ৯০ কর্মকর্তার স্বর্ণপদক লাভ

একটেল-এ কর্মরত ৯০ জন কর্মকর্তাকে সম্প্রতি স্বর্ণপদকে ভূষিত করা হয়। সর্বনিম্ন ৫ বছর যেসব কর্মকর্তা একটেলে কাজ করেছেন তাদের এই পদক দেয়া হয়। রাজধানীর শেরুয়া কনভেনশন সেন্টার আনুষ্ঠানিক এই পদক দেয়া হয়। এ অনুষ্ঠানে অ্যান্ডারসন মর্চ কোম্পানির মানবসম্পদ বিভাগের প্রধান নুরুজ্জাহান মাদান চৌধুরী, প্রধান পরিচালন কর্মকর্তা তিজয় ওয়াসিট এবং প্রশাসন বিভাগের প্রধান নূরুল মোস্তফা তারেক বক্তব্য রাখেন। ■

খুলনা প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের ৩ শিক্ষার্থীর কৃতিত্ব এসএমএস দিয়ে কমপিউটার নিয়ন্ত্রণ

মোবাইল ফোন থেকে এসএমএস পাঠিয়ে কমপিউটার নিয়ন্ত্রণের কৌশল উদ্ভাবন করেছেন খুলনা প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের (ফুটেট) ৩ শিক্ষার্থী। পলাশ ওড়া, হোসাইন মোহাম্মদ রেদোয়ান ও জায়েরদ ইসলাম কর্তৃক ডেভেলপ করা এই সফটওয়্যার বিশ্ববিদ্যালয় মিলনায়তনে অনুষ্ঠিত এক সেমিনারে সম্প্রতি প্রদর্শন করা হয়। এ সময় সেমিনারে 'ফুটেট'র কমপিউটার বিজ্ঞান ও কৌশল বিভাগের প্রধান ড. এ কে আজাদ এবং সাবেক বিভাগীয় প্রধান

ফুজিবু ব্রান্ড কমপিউটার বাংলাদেশে

বিধেয় অন্যতম ব্রান্ড কমপিউটার ফুজিবু সম্প্রতি বাংলাদেশে বাজারজাত শুরু করেছে। কমপিউটার সোর্স লি:। ইন্টেল প্রসেসর ৪ প্রসেসর, ২৫৫ মে.ম. রাম, ৮০ গি.ম. হার্ড ডিস্ক ড্রাইভ, কনো ড্রাইভ, ইন্টেল প্রিএমএ৩০০ গ্রাফিক্স কার্ড, ১৭ ইঞ্চি স্ক্রীন পিসিএটি মনিটর সমন্বিত দুটি মডেল আশ্রিত কমপিউটার সোর্স বাজারজাত শুরু করেছে। এতপোর দু'টা নির্ধারণ করা হয়েছে যথাক্রমে ৩৬ হাজার এবং ৬৮ হাজার টাকা। যোগাযোগ: ৮১২৮৮৪৮ ■

ডিডিও গেম প্রদর্শনী

ইথ্রী এক্সপো ২০০৫ অনুষ্ঠিত

যুক্তরাষ্ট্রের নস এজেন্সির স্পেশাল ওভিন ব্যাপী অনুষ্ঠিত হলো ইথ্রী গেমস এক্সপো ২০০৫। মাইক্রোসফট কোর্পা., মিনিট্যাভো. এবং সনি কর্পা. যৌথ উদ্যোগে এই প্রদর্শনীর আয়োজন করে। প্রদর্শনীতে সম্প্রতি গেম প্রযুক্তি, মাইক্রোসফট এক্সবক্স ৩৬০ এবং সনি গ্রেটেশন ৩ প্রদর্শন করা হয়। এদের প্রদর্শনীতে কয়েক লাখ লোকের সমাগম ঘটে। ■

পিপলস ইন্টারন্যাশনালিটিতে তথ্য প্রযুক্তি উৎসব

ঢাকার মোহাম্মদপুরস্থ পিপলস ইন্টারন্যাশনালিটি অব বাংলাদেশে সম্প্রতি দু'দিন ব্যাপী তথ্য প্রযুক্তি উৎসব অনুষ্ঠিত হয়। এই উৎসবে আনুষ্ঠানিক কার্যক্রম উদ্বোধন করেন বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের সদস্য অধ্যাপক মনিরুল হক। এ সময় অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে বিশ্ববিদ্যালয়ের উপচার্য অধ্যাপক ড. আলোম হুইয়া, কমপিউটার বিজ্ঞান ও কৌশল বিভাগের প্রধান ড. আফরোজ শাকির, ডা.বি. কমপিউটার বিজ্ঞান বিভাগের শিক্ষক অধ্যাপক ড. লুৎফর রহমান প্রমুখ উপস্থিত ছিলেন।

এই উৎসবে বিশ্ববিদ্যালয়ের পিসিআইবির ডেভেলপ করা সফটওয়্যার ও প্রজেক্ট প্রদর্শন করা হয়। এছাড়া উৎসবে তথ্য প্রযুক্তি বিষয়ক একাধিক সেমিনার, কুইজ ও কমপিউটার গেমস প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। ■

যাবে। নিঃসন্দেহে এই ফিচারটি গেমারদের চমককৃত করবে এবং গেম খেলতে যথেষ্ট সাহায্য করবে। এইসব ফিচারের পাশাপাশি ডিপ্লোমাসিডেও যোগ করা হয়েছে অনেকগুলো নতুন অপশন। যেমন গেমার নির্ধারিত করে দিতে পারবেন মিত্রবাহিনীর কোন কোন সৈন্যদল সন্মাজ্ঞা গ্রহণ করতে পারবে। আবার তারা কতকগুলি সন্মাজ্ঞা অবস্থান করতে পারবে সেটাও নির্ধারণ করে দেয়া সম্ভব।

উপরেক্ত ফিচারগুলো ছাড়াও এম্পায়ার আর্থ ২ তে যোগ করা হয়েছে আরো কিছু নতুন ফিচার, যেমন Crown ওয়েদার ইফেক্ট ইত্যাদি। সিমুল প্রেয়ার মাল্টিপ্রেয়ার উভয় মোডেই গেম খেলার সময় গেমারকে তার অর্থনৈতিক, সন্মাজ্ঞিক বা সামরিক অর্জনের জন্য পয়েন্টের মাধ্যমে পুরস্কৃত করা হবে। এবং কোন নির্দিষ্ট ক্যাটাগরীতে সবচেয়ে বেশী পয়েন্ট অর্জনকারীকে একটি Crown দেয়া হবে। এই ক্রাউনের পরিবর্তে গেমার কোন নির্দিষ্ট সুবিধা পেতে পারেন। (যেমন Dills যা যাবতীয় পদাতিক বাহিনীর হাটীর গতি বৃদ্ধি করবে)। তবে এই সুবিধাটি নির্দিষ্ট সময় পর্যন্ত থাকবে এবং পরবর্তীতে অন্য কোন দল সর্বোচ্চ পয়েন্ট অর্জন করলে ক্রাউনটি তার কাছে চলে যাবে।

এছাড়াও আরো একটি গুরুত্বপূর্ণ বিষয় হলো ওয়েদার ইফেক্ট। এটি যেমন গেমটিকে দৃষ্টিনন্দন করেছে তেমনি গেমপ্লেতেও করেছে আকর্ষণীয়। গেমারদের উচিত হবে সবসময় গ্রীষ্মের পরিষ্কার আবহাওয়ায় মুগ্ধ অশ্রোহা করা এবং শীতকালে কোন স্থানে ঘাঁটি গেড়ে ভালো আবহাওয়ার জন্য অপেক্ষা করা। কেননা তুমার কাড়ের সময় সৈন্যদের দৃষ্টিসীমা যথেষ্ট হ্রাস পায় এবং

বরফাবৃত অঞ্চল নিয়ে যাওয়ার সময় তাদের গতিও থাকে অসম্যাকৃত কমে। আর তুমার কাড়ের সময় গেমাররাও ম্যাপ ভালমতো দেখতে পারবেন না।

তবে গেমের কিছু সমস্যাও চোখে পড়ার মতো। যেমন গ্রায়ড দেখা যাবে সৈন্যসামন্ত সবচেয়ে সঠিক পথটি দিয়ে যাচ্ছে না এবং কোন এক স্থানে এসে আটকে যাচ্ছে। আরেকটি বিষয় হলো গেমটিতে হাত পাকাতো গেমারদের বেশ ভাগেই সময় লাগবে। কি-বোর্ডের প্রায় সব বাটনই এখানে হট কি হিসেবে ব্যবহার করা হয়েছে। এবং গেমটিতে ভালো পারফরমেন্স করতে চাইলে এই হট-কি গুলো মনে রাখাও বেশ জরুরী। সুতরাং খেলার শুরুতে গেমারদের বেশ সমস্যাতেই পড়তে হবে। তবে একবার এই বিষয়গুলো আয়ত্ত্ব চলে আসলে গেমটিকে সম্পূর্ণরূপে উপভোগ করতে পারবেন।

গ্রাফিক্স: এম্পায়ার আর্থ ২-এর গ্রাফিক্স বেশ সুন্দর হলেও একে একদম সর্বোচ্চ পর্যায়ে বলে আখ্যায়িত করা যায় না। তবে গেমের এনিমেশনগুলো অত্যন্ত চমককার যা নিশ্চিতভাবেই গেমারদের মুগ্ধ করবে। ক্যারেক্টার মডেল ও বিভিন্নগুলো বেশ উন্নতমানে। বিশেষ করে বিভিন্নগুলো স্ফাতিস্ফু অংশগুলো অত্যন্ত চমককারভাবে ডেভেলপ করা হয়েছে। গেমাররা গেম জুঁন জুঁন করে একটু মনোযোগের সাথে লক্ষ্য করলেই তার গ্রামাণ পাবেন। এছাড়া লাইটইং ইফেক্টও বেশ সুন্দরভাবে উপস্থাপন করা



হয়েছে। তবে গ্রাফিক্যালি গেমের সবচেয়ে আকর্ষণীয় দিক হলো এর Weather ইফেক্ট। গ্রীষ্মের পরিষ্কার আবহাওয়া, শীতকালের প্রবল তুমার কাড় সবকিছুই গেমারদেরকে মুগ্ধ করবে। অবশ্য গেমের কিছু ক্যামপেইনের শেষের দিকে ভিন্ন ভিন্ন ধরনের সেনাদলকে একে অপরের থেকে পৃথক করা একটু কঠিন হয়ে পড়ে। তবে সবকিছু মিলায়ে গেমটির গ্রাফিক্স বেশ সন্তোষজনক।

সাইউ: গ্রাফিক্সের মতো এর সাইউ ইফেক্টও বেশ সুন্দর। এর সাইউট্র্যাকটি গেমারদের নিশ্চিতভাবেই মুগ্ধ করবে। এছাড়া বিভিন্ন ভয়েস এন্টিংগুলোও বেশ সুস্বাদুভাবে সম্পন্ন করা হয়েছে। তবে বার বার একই ডায়ালগ অনেকের কাছেই বিরক্তিকর মনে হতে পারে।

গেমটির অত্যন্ত আকর্ষণীয় ও সুগভীর গেমপ্লে নিশ্চিতভাবেই ট্র্যাটেজি গেমভক্তদের মনে দাগ কাটবে। যারা ভালো ট্র্যাটেজি গেমের জন্য অপেক্ষা করছিলেন তাদের জন্য তাদের জন্য এম্পায়ার আর্থ ২ সত্যিই একটি দারুণ উপহার। সুতরাং আর দেরী না করে গেমটি সংগ্রহ করে খেলতে বসে যান। নিঃসন্দেহে আপনার সময় দারুণ কাটবে।

মিনিমাম রিকোয়ারমেন্টস: পেট্রিয়াম ১.০ গি.হা. বা সমমানের প্রসেসর, ১২৮ মে.বা. রাম, ৬৪ মে.বা. এন্ট্রিজি, ১.৫ গি.বা. স্ট্রী হার্ড ডিস্ক স্পেস, ডাইরেক্ট এন্ড ৯.০সি।

এক নজরে এম্পায়ার আর্থ ২
পাবলিশার : Sierra Entertainment
ডেভেলপার: Mad Doc Software
ক্যাটাগরী: ট্র্যাটেজি
প্ল্যাটফর্ম : উইন্ডোজ
প্রকাশিত: ২৬-০৪-০৫
বেটিং: ৮, ৭



Make your PC a Digital Entertainment Centre

Home Theatre on your PC with the Intel® Pentium® 4 Processor with HT Technology and the Intel® D915GAV Desktop Board



গেমের কিছু সমস্যা ও সমাধান

ই-মেইলে সমস্যাটি পাঠিয়েছেন
মিতপূর্ণ থেকে রিমন্

সমস্যা: আমি Half-Life 2

গেমটির Highway17 নামক লেভেলের একটি সমস্যার সমাধান চাই। এই লেভেলে কিছুদূর অঙ্গুর হবার পর সমুদ্রের পাশে Northern Petrol নামে একটি রপ্তানীতে এসে পৌঁছেছি। কিন্তু এর মূল ভবনে যাওয়ার রাস্তাটি একটি ব্রীজ দ্বারা আলাদা করে রাখা হয়েছে। এবং ব্রীজটি তুলে রাখায় আমি শত চেষ্টা করেও অপর পাশে পৌঁছাতে পারছি না। এখন কি করলে আমি মূল ভবনে পৌঁছাতে পারব। উল্লেখ্য, জায়গাটি চারপাশে খুব ভাল করে ঘুরে দেখেছি কিন্তু দ্বিতীয় কোন দরজা খুঁজে পাইনি। সমস্যার সমাধান জানানো যাবে কি?



সমাধান: উল্লিখিত জায়গাটির পাশে

একটি বড় ক্রেন দেখতে পারবেন। মই থেকে সেখানে উঠুন। প্রথম বার মই দিয়ে ওঠার পর আরো একটি ছোট মই দেখতে পাবেন যেটির কাছাকাছি এসেই আপনাকে সরাসরি ক্রেনটির চালকের আসনে বসিয়ে দেয়া হবে। ক্রেনটির মাগনেটটি ঘুরিয়ে বিপরীত পাশে নিন এবং এটি দিয়ে ধাক্কা দিয়ে ব্রীজটিকে যথাস্থানে নিয়ে আসুন। এবার ক্রেনটির মাগনেটটি দ্বারা গাড়ীটিকেও মাটি থেকে উপরে তুলে ব্রীজটির অপর প্রান্তে রাখুন। এবার ক্রেন থেকে নেমে ব্রীজের অপর প্রান্তের বড় গോডউনিটির ভিতরে যান। এর ভিতরে একটি ছোট রুম আছে যার ভিতরে একটি লিভার আছে। লিভারটি টেনে দিলে গോডউনিরের অপর একটি দরজা খুলে যাবে। এবার গাড়ী নিয়ে গোডউনিরের ভিতর দিয়ে গাড়ীটি নিয়ে লাফ দিন। তাহলে গোডউনির কানের জানালা ভেঙ্গে সরাসরি রাস্তায় এসে পড়বেন। আশা করা যায়, এখন সহজেই সমস্যা এড়াতে পারবেন।

ই-মেইলে সমস্যাটি রাজশাহী
থেকে পাঠিয়েছেন তুষার

সমস্যা: হ্যালো গেমটির একটি

লেভেলে একটি পর্যায়ে এসে আর এগোতে পারছি না। এখানে অন্ধতে একটি স্টেন থেকে কিছু সহযোগতার সাথে ছোট একটি বীপে নামিয়ে

দেয়া হয়। এরপর সেখানে সমুদ্রতীরে বেশ কিছু শত্রু মেয়ে Worthog নামের একটি বাহন পাই। তারপর আরো কিছুটা এগিয়ে একটি শত্রুদের একটি দুর্গে প্রবেশ করি। সেখানে আরো কিছু শত্রু মারার পর নিচের দিকে দুটি টানের দিয়ে নামার পর বাম দিকে একটি বন্ধ দরজা পাওয়া যায় যা কোনভাবেই খোলা সম্ভব হচ্ছে না। এখন যে অবজেকটিভ দেয়া আছে তা হীন Find the main facility security override। পুরো বীপটি ঘুরে আর কোন পথও খুঁজে পাওয়া যাচ্ছে না। কি করতে হবে তা জানালে উপকৃত হব।



সমাধান: প্রথম কথা হল দরজাটি

সরাসরি খোলা সম্ভব নয়। উদ্দেশ্যিক থেকে চেষ্টা করতে হবে। বীপটি খুব ভাল করে খুঁজে দেখলেই নতুন রাস্তা পাওয়া যাবে। যেখানে প্রথম দুর্গটি দেখতে পেয়েছেন তার ঘনিষ্ঠতা সামনে বা দিকে খুঁজলেই পাথর ও গাছের ফাঁকে নতুন রাস্তা পেয়ে যাবেন যেখানে বাহন Worthog-এর পক্ষে যাওয়া সম্ভব হবে না, অর্থাৎ একাই যেতে হবে। নতুন রাস্তাতে বেশ কিছু কঠিন প্রতিপক্ষের মুখোমুখি হতে হবে। তাদেরকে মেরে সেই পথ ধরে শত্রু দুর্গে অনেকখানি প্রবেশ করে শত্রুগণের সিকিউরিটি অডল করার পর প্রথমে যে পথ থেকে দরজাটি দেখেছেন তার উদ্দেশ্যিক থেকে দরজা খুলে যাবে।

ই-মেইলে সমস্যাটি পাঠিয়েছেন
অর্ণব।

সমস্যা: আমি Grand Theft Auto:

Vice City গেমটির সমস্যা সমাধান চাই। আমার সমস্যাটি হলো গেমটির Messing with the man মিশনটিতে। মিশনটি শুরু করার পর কি করতে হবে তা বুঝতে পারছি না। কি করলে মিশনটি শেষ হবে জানাবেন কি?



সমাধান: এই মিশনটি বেশ বিভ্রান্তিমূলক। এখানে আপনাকে ২ মিনিটের মধ্যে Chaosmeterটি পূর্ণ

নতুন আসা গেম

- 7 Sins
- Asheron's Call 2: Legions
- Cossacks 2: Napoleonic Wars
- Creature Conflict: The Clan Wars
- Dungeon Lords
- Empire Earth 2
- Flight One ATR 72-500
- Fly the Airbus A380
- Guild Wars
- Imperial Glory
- Knights of Honor
- Laser Squad Nemesis
- MegaCITY Dallas/Fort Worth
- Necromania: Trap of Darkness
- POSTAL 2: Apocalypse Weekend
- Pariah
- Supreme Ruler 2010
- Tin Soldiers: Julius Caesar
- Trackmania Sunrise
- Warbirds 2005

শীর্ষ গেম তালিকা

- Tom Clancy's Splinter Cell Chaos Theory
- SWAT 4
- Empire Earth 2
- Psychonauts
- Delta Force Xtreme
- Freedom Force vs. the Third Reich
- Knights of Honor
- Imperial Glory
- Gary Gribble's World At War
- Guild Wars
- Trackmania Sunrise
- Tin Soldiers: Julius Caesar
- LEGO Star Wars
- Still Life
- Laser Squad Nemesis
- Heretic Kingdoms: The Inquisition
- Cossacks 2: Napoleonic Wars
- Pariah
- Dungeon Lords
- Close Combat: First to Fight

করতে হবে মিশন প্রিফিঃ তখন অনেকেরই মনে হতে পারে কাজটি বাইকে চড়া অবস্থাতেই করতে হবে। তবে আসলে সেটি জটিল নয়। নিজের যেখানে একটি পল্লভতে আপনি মিশনটি সম্পূর্ণ করতে পারেন।

i) মিশন শুরু করার আগে Flame throwerটি সজ্জা করুন। এবার কিছু গাড়ি চুরি করে সেগুলো grass chopper bar-এর সামনের রাস্তায় এনোমেগোডাবে জড়িয়ে রাখুন, যাতে রাস্তায় ট্রাফিক জামা বেধে যায়। এবার মিশনটি শুরু করুন এবং Flame thrower দিয়ে সবগুলো গাড়ি পুড়িয়ে দিন। তাহলে খুব দ্রুত chaosmeter বাড়তে থাকবে এবং কিছুক্ষণের মধ্যেই মিশন কমপ্লিট হয়ে যাবে।

ii) মিশন শুরুর সাথে সাথে একজন SWAT মেম্বারকে হত্যা করুন। এবার দ্রুত Memorial স্টেডিয়ামে যান এবং সেখানে যেকোন একজন লোককে হত্যা করুন। তাহলেই Chaosmeter পূর্ণ হয়ে যাবে এবং মিশন সম্পূর্ণ হবে।

iii) মিশন শুরু করার পূর্বে কিছু পুলিশের গাড়ি চুরি করে আপনার যেখানে একটি গ্যারেজে রাখুন। এবার মিশন শুরু করুন এবং গ্যারেজে গিয়ে গাড়িগুলো ধ্বংস করুন। তারপর কয়েক কদম পিছিয়ে আসুন যেন গ্যারেজের দরজাটি বন্ধ হয়ে যায়। এবার আবার গ্যারেজে প্রবেশ করলে গাড়িগুলো নতুন অবস্থায় পাবেন। আবার গাড়িগুলো ধ্বংস করে গ্যারেজের বাইরে যান। এভাবে কয়েকবার গাড়িগুলো ধ্বংস করেই আপনার মিশন সম্পূর্ণ হয়ে যাবে।

Always Buy from a Genuine Intel Dealer

- Sharaneel Ltd. Tel: 9133591
- Rishit Computers Tel: 9121115
- Ryans Computer Tel: 8151389
- Tech View Tel: 9136682
- Flora Limited Tel: 7162742
- Foresight Tel: 9120754
- System Palace Tel: 8629653
- Comtrade Tel: 9117986
- Dreamland Computer: 8610970
- Index IT Tel: 9672189
- RM Systems Ltd. Tel: 8125175
- Wave Digital Systems Tel: 8122415
- Salta Computer Tel: (031) 813486
- MS Products Tel: (031) 630500
- Cell Computer Tel: (721) 776060

ডেল্টা ফোর্স এক্সট্রিম

যুদ্ধের ওপর ভিত্তি করে নির্মিত যে কয়েকটি গেম ধারাবাহিকভাবে গেমারদের মাঝে জনপ্রিয়তা ধরে রাখতে পেরেছে তাদের মধ্যে ডেল্টা ফোর্সের নাম প্রথম সারিতে। দারুণ হিট করা ডেল্টা ফোর্স টু-য়ের পর এর প্রতিটি সিরিজ বের হবার পর গেমারদের প্রত্যাশা পূরণে সক্ষম হয়েছে। আর সেই একই ধারাবাহিকতায় কিছু দিন আগে বের হয়েছে ডেল্টা ফোর্স এক্সট্রিম, সংক্ষেপে ডিএফএক্স, যাকে ধরা হচ্ছে ডেল্টা ফোর্স এইট হিসেবে।

আপের সিরিজগুলোর মতোই গেম শুরু করা যাবে- ইনস্ট্যান্ট একশন বা ক্যাম্পেইন হিসেবে। ক্যাম্পেইন হিসেবে খেলা শুরু করতে হলে প্রথমে Peru, Chad এবং Novaya Zemlya- এই তিনটি স্থানের ম্যাপ থেকে যেকোন একটি সিলেক্ট করে

ডেল্টা ফোর্স এক্সট্রিম, এশ্যায়ার আর্থ ২ এবং গেমের কিছু সমস্যা নিয়ে এধারের গেম-এর জগৎ লিখেছেন সিফাত শাহরিয়ার

নিত হবে। তারপর সেই ম্যাপের বিভিন্ন পর্যায়ে একেকটি মিশন সম্পন্ন করে যেতে হবে এবং এভাবে একজন গেমারকে পুরো স্থানটিকে শত্রুমুক্ত করতে হবে। তারপর অস্পষ্ট হতে হবে আরেকটি ম্যাপের দিকে। তবে একটি ম্যাপ পুরোপুরি শেষ করার আগে ইচ্ছে করলে অন্য আরেকটি ম্যাপের মিশন শুরু করা যায়। আর ক্যাম্পেইন হিসেবে যখনই কোন মিশন শেষ করা হবে তখনই তা চলে যাবে ইনস্ট্যান্ট একশনের ঘরে- অর্থাৎ ইনস্ট্যান্ট একশনে নতুন কোন মিশন পাওয়া যাচ্ছে না, গেলে তা অবশ্যই অনেক বেশি আকর্ষণীয় হতো।

কোন একটি মিশন সিলেক্ট করার সাথে সাথে সে এলাকার অবস্থা এবং মিশনের অবজেক্টিভ দেখিয়ে দেয়া হয়। তারপর সে অনুযায়ী শাইমারী এবং সেকেন্ডারী অস্ত্র সিলেক্ট করে বেশা শুরু করতে হয়। তবে এটিই শেষ নয়, যুদ্ধক্ষেত্রের পরিহিত অনুযায়ী এক বা একাধিক অবজেক্টিভ যোগ করা হতে পারে। তিনটি ক্যাম্পেইনে গ্রায় বিশটি মিশন অধ্যুত হবে। সাথে থাকবে দারুণ শক্তিশালী ও আধুনিক সব অস্ত্র- যেমন ব্রাইবার রাইফেলের মধ্যে রয়েছে M24, M82, M249 মেশিনগান; M4, M16/M203 এনস্ট্র রাইফেল, MP5 সাইকেপেড charge, claymore mine, AT4 রকেট লাঞ্চারের মতো বিধ্বংসী সব অস্ত্র। যুদ্ধের পাশাপাশি Peru এবং Chad ক্যাম্পেইনে দারুণ শক্তিশালী বাইক এবং অন্যান্য যানবাহন চালানো দারুণ

রোমাঞ্চকর। গেমের কস্টলি বরাবরের মতোই রাখা হয়েছে, তেমন কোন পরিবর্তন নেই। তবে গেমের মাল্টিপ্লেয়ার অপশনটি আবার চেয়েও কিছুটা সমৃদ্ধ হয়েছে। বরিশ জন প্লেয়ার একই সাথে খেলতে পারবে। মাল্টিপ্লেয়ার গেমের মধ্যে আছে ডেথম্যাচ, টিম ডেথম্যাচ, ক্যাপচার দ্যা ফ্ল্যাগ, কিং অব দ্যা হিল, টিম কিং অব দ্যা হিল প্রভৃতি।

তবে গেমের অপশনে অনেক বেশি ফিচার থাকায় যারা শক্তিশালী এজিপি কার্ড ব্যবহার করেন তারা অত্যন্ত ভালো গ্রাফিক্স উপহার পাবেন। গেমটির ন্যূনতম ৬৪০x৪৮০ এবং সর্বোচ্চ ১২৮০x১০২৪ রেজোলুশনে খেলা যায়। গেমের এই সংস্করণটিতে আবহাওয়া পরিবর্তনের

ইফেট খুব সুন্দরভাবে ফুটিয়ে তোলা হয়েছে যার উদাহরণ হিসেবে বলা যায় তুষারপাত ও বুড়ি। গ্রাফিক্স অপশনগুলো হাই করে খেললে গেম এনভায়রনমেন্ট পুরোমাত্রায় উপভোগ করা যাবে।

গেমের সাউন্ড ক্যালিগিটি চমককার। সৈন্য বহনকারী ট্রাক, হেলিকপ্টার বা বেটে চলার সময় এদের ইঞ্জিনের শব্দ একেবারে বাস্তব অনুভূতি সৃষ্টি করবে। আর গোলাগুলির শব্দ আরো রিয়েলিস্টিক করে তোলার চেষ্টা করা হয়েছে- যা গেমারকে অবশ্যই মুগ্ধ করবে। গেমের মিউজিক এবং সাউন্ড ইফেট ভলিউম আশের থেকে উন্নত। তবে নোভালজিকের গেমের এই সংস্করণটির সমস্যা হলো এটি খেলা বেশ সহজ। অস্ত্র সময়েই পুরো গেমটি শেষ করা যায়। এর ডিফিকাল্টি লেভেল হাই এবং শত্রুপক্ষের আর্টিফিসিয়াল ইন্টেলিজেন্স আরো বেশি হলে খেলার উত্তেজনা অনেকখানি বাড়ানো সম্ভব হতো।

আগের সংস্করণগুলো থেকে ডেল্টা ফোর্স এক্সট্রিম অনেক নতুনও এনেছে একধা বলা যাবে না। তবে ডেল্টা ফোর্স ডক্টরের জন্য নোভালজিকের এই উপহার আসলেই আকর্ষণীয়।

পারিশিয়ার: নোভালজিক; ডেভেলপার: নোভালজিক; ক্যাটাগরি: একশন; রেটিং: ৮.২।
মিনিমাম রিকোয়ারমেন্ট: পেন্টিয়াম প্রী ১.২ গি.হা. ৪৫০সস; ভাইরেট এন ৯ সাপোর্টেড এজিপি কার্ড; ২৫৬ মে.বা. রাম; ৭৬২ মে.বা. হার্ড ডিস্ক স্পেস।



It works hard...
so that you can play hard

Gaming becomes more fun with the Intel® Pentium® 4 Processor with HT Technology and the Intel® D915GV Desktop Board



এম্পায়ার আর্থ ২

বাজারে একশন গেমের তুলনায় স্ট্র্যাটেজি গেমের সংখ্যা বেশ কম। আর ভালো স্ট্র্যাটেজি গেমের সংখ্যা তো একদম হাতে গোনা। বিশেষ করে ভালো রিয়েল টাইম স্ট্র্যাটেজি (RTS) গেম বলতে গেলে তেমন একটা চোখেই পড়ে না। বাজারে স্ট্র্যাটেজি গেমের এই দুঃসময়ের মাঝে Sierra Entertainment রিলিজ করেছে এম্পায়ার আর্থ ২। সত্যি কথা বলতে গত বছরে রিলিজ পাওয়া গ্লোম: স্টোয়াল ওয়ার-এর পর এটিই হলো সবচেয়ে ভালো স্ট্র্যাটেজি গেম। মূল এম্পায়ার আর্থ গেমটি রিলিজ পেয়েছিল ২০০১ সালে। এবং রিলিজ পাওয়ার কিছুদিনের মধ্যেই RTS গেমভক্তদের মন জয় করে নিয়েছিল এটি। স্বাভাবিকভাবেই গেমেরা এর সিদ্ধান্তগুলির জন্য অপেক্ষা করছিলেন। দীর্ঘ সাড়ে তিন বছর পর সেই প্রতীক্ষার অবসান ঘটিয়ে গত এপ্রিল মাসে রিলিজ পেয়েছে এম্পায়ার আর্থ ২।

গেমপ্লে: এম্পায়ার আর্থ ২-এর গেমপ্লেই হলো এর মূল আকর্ষণ। সিরিজের প্রথম গেমটির মতো এই গেমটিরও মূল ভিত্তি হলো গত কয়েক হাজার বছরের মানবসভ্যতার ইতিহাস। এবং এর শুরু হয়েছে মানবসভ্যতার সেই পাদুর যুগ থেকে। গেমেরা এখানে গেম শুরু করবেন শত্রুদের দিকে তীব্র আর বর্শা নিক্ষেপ করে আর গেম শেষ করবেন পরশ্রমের দিকে লেজার আর নিউক্লিয়ার বোমা ছুড়ে। গেমের সব থেকে

উল্লেখযোগ্য বিষয় হলো এর টেরা। সম্পূর্ণ গেমটি শেষ করতে কোন গেমেরার মাসাধিককাল সময় লাগলেও অবাক হবার কিছু নেই। কারণ এর ক্যামপেইনগুলো এতই বড় যে, কারো পক্ষেই খুব অল্প সময়ে তা শেষ করা সম্ভব নয়। মোট চৌদ্দটি ভিন্ন ভিন্ন মানবসভ্যতা নিয়ে গেমেরা এখানে খেলতে পারবেন। আর মানবসভ্যতা বিকাশের সম্পূর্ণ সময়টিকে মোট পনেরটি ভিন্ন ভিন্ন ভাগে

ভাগ করা হয়েছে যার মধ্যে আছে পাদুর যুগ থেকে অনুর ভবিষ্যত পর্যন্ত উল্লেখযোগ্য সবগুলো যুগই। গেমের ক্যামপেইনে গেমেরা খেলতে পারবেন খ্রিস্টপূর্ব ২০০০ সালের কোরিয়ান বা মধ্যযুগের জার্মান কিংবা উনবিংশ শতাব্দীর যুক্তরাষ্ট্রকে নিয়ে। এছাড়াও আছে দুইটি গুরুত্বপূর্ণ Turning Point ক্যামপেইন যেখানে গেমেরা ঐতিহাসিক ঘটনাগুলোর মাঝে খেলার সুযোগ পাবেন। এই ক্যামপেইনগুলোতে দ্বিতীয় বিশ্বযুদ্ধের D-Day এর ঐতিহাসিক যুদ্ধ এবং চীনের Three Kingdom-এর যুগে গেমেরা খেলতে পারবেন। এবং প্রতিটি ক্যামপেইন এতোটাই আকর্ষণীয় যে গেমেরা সহজে খেলা ছেড়ে উঠতে পারবেন না।

এম্পায়ার আর্থ ২-এর গেমপ্লে অন্যান্য RTS গেমগুলোর মতোই বিভিন্ন রিসোর্স সংগ্রহ করা, শক্তিশালী সেনাবাহিনী গঠন করা, বিভিন্ন রকম প্রযুক্তি রিসার্চ করা এবং বিপক্ষের সাথে মিত্রতা স্থাপন করে বা যুদ্ধ করে সম্রাজ্যের বিস্তার করা। গেমের ১৪টি ভিন্ন ভিন্ন সিন্টিভ লাইভ শব্দের



প্রত্যেকটিরই রয়েছে নিজস্ব বৈশিষ্ট্য, সামর্থ্য ও দুর্বলতা। নির্দিষ্ট ধরনের গেমের জন্য সঠিক জাতিটিকে নির্বাচন করে গেম শুরু করাও আসলে একটি স্ট্র্যাটেজি।

পূর্ববর্তী গেমটির থেকে অনেক পরিবর্তন আনা হয়েছে এই গেমে এবং যোগ করা হয়েছে অনেকগুলো নতুন ফিচার। যেমন সিটিজেন ম্যানেজার, ওয়ার প্র্যান্স, Picture in picture উইন্ডো, ইত্যাদি। প্রথমেই আসা যাক সিটিজেন ম্যানেজারের কথা। এটির মাধ্যমে গেমের তার সিটিজেনদের উপর বেশ সহজেই নজর রাখতে পারবেন। অস্বাভাবিকভাবে এটির মাধ্যমে নিরক্ষর সিটিজেনদের জন্য কোন কাজ নির্ধারিত করে দিতে পারবেন। ওয়ার প্র্যান্স ফিচারটি বেশ আকর্ষণীয়। এটি মূলত: একটি পেইন্ট স্ক্রোলাং যেটির মাধ্যমে গেমের তার যুদ্ধের পরিকল্পনাটি ছবির মাধ্যমে উপস্থাপন করতে পারবেন এবং সেটি তার মিত্রবাহিনীর কাছে পাঠিয়ে পরিকল্পনা অনুযায়ী যুদ্ধে অংশগ্রহণ করতে পারবেন। সোজা কথায়, গেমের এটির মাধ্যমে তার মিত্রবাহিনীকে সরাসরি নির্দেশ দিতে পারবেন। তবে এই ফিচারটি সিঙ্গেল প্রেয়ার মোডের তুলনায় মাল্টি প্রেয়ার মোডে অনেক বেশী কার্যকর। আরেকটি নতুন ফিচার হলো Picture in picture (PIP) উইন্ডো। এটির সাহায্যে গেমের তার সম্রাজ্যের পছন্দনীয় ছায়াটি স্থানে ক্যামেরা বসিয়ে পর্যায়ক্রমে সেই স্থানগুলোর ওপর নজর রাখতে পারবেন। এই ক্যামেরা ভিউটি মনিটর স্ক্রীনের জানপাশে ছোট আকারেই উইন্ডোর মাধ্যমে দেখা



Supercharge Your Sound

- with Intel® High Definition Audio
- 24 bit 192 KHz Crystal clear sound
- Dolby Digital on PC
- Up to 7.1 channel Surround



মোবাইল ফোন এপ্লিকেশন সফটওয়্যার প্রোগ্রামিং-J2ME

ইংরাজী শিক্ষাদার

আমাদের প্রতিদিনের জীবনে ইন্টারনেট, পেজার, ল্যাপটপ, মোবাইল ফোনের ব্যবহার অতি কলম্বুপূর্ণ হয়ে উঠছে। প্রতিদিনের জীবন যাপন এবং প্রযুক্তির ওপর নির্ভরশীল হওয়ায় এইসব ডিভাইসকে আরো ব্যবহারযোগ্য করে তোলার প্রয়োজনও জন্মেই বাড়ে। তাই সে দিন বুধ দুই নম্ব হখন হাতের ছোট মোবাইল সেটে থাকবে যাবতীয় সরঞ্জাম এবং তথ্য। তখন কঠিন হিসেবের জন্য কম্পিউটার বা ক্যালকুলেটর প্রয়োজন হবে না বরং হাতের ছোট মোবাইল সেট দিয়েই এই কাজ করা যাবে।

এসব কাজের জন্য ধরতে হবে কিছু প্রোগ্রামিং করার দক্ষতা। তাহলে আপনিও হয়ে উঠবেন এসব মোবাইল কম্পিউটারের নিয়ন্ত্রক। যেমন, বাজার করতে গিয়ে দেখছেন বাজারের দ্রুপ্ত আনতে ভুলে গেছেন। আর এ ক্ষেত্রে যদি মোবাইল ফোনের জন্য একটি ছোট প্রোগ্রাম ডেভেলপ করে যেন নিতা প্রয়োজনীয় ডিভাইসের দ্রুপ্ত করে রাখবে এবং বাজার করার আগে কেবল দ্রুপ্তের দরকার ডিভাইসগুলো মার্ক করে নিবেন, তাহলে দ্রুপ্তি ছাড়াই ফোনের আর সহজনা থাকবে না। আবার মোবাইল ফোনটিকে ক্যালকুলেটর হিসেবে ব্যবহার করতে পারেন, যা থেকে নামী ক্যালকুলেটরের দক্ষতাও অল্প করবে সব ধরনের হিসেব করতে সাহায্য করবে। এসব কিছুই জন্য থাকতে হবে জ্ঞাত প্রোগ্রামিং জ্ঞান। বর্তমানে ইন্টারনেটে মোবাইল ফোনের বিভিন্ন সফটওয়্যার পাওয়া যায় যা সহজেই ডাউনলোড করে আপনার ফোনে ব্যবহার করতে পারেন। আর এ জন্য দরকার জ্ঞাত কম্পিউটার সেট। আরো থাকতে হবে তথ্য বা সফটওয়্যার ট্রান্সফারের জন্য ইউএসবি কানেকশন অথবা ব্লুটুথ এনালবেল সেট। এছাড়া ওয়্যার সাউন্স কার্ডের করে ইন্টারনেট থেকে দরকারী সফটওয়্যারটি সরাসরি ডাউনলোড করতে পারেন। এরপর আসে ইন্সটলেশন প্রক্রিয়ার কথা। এটি অতি সহজ। আমরা যেমনি রিটেনে ডাউনলোড করে ডিভাইসেই মোবাইল ফোনের জন্য দরকারী সফটওয়্যার ডাউনলোড করতে পারবেন। এছাড়া গেমপ্রোগ্রামারও তাদের পক্ষেই গেমটি সেট থেকে সরাসরি ডাউনলোড করে মোবাইল ফোনে ইন্সটল করে খেলাতে পারেন। আর তাই বর্তমানে মোবাইল ফোন সফটওয়্যার ডেভেলপ একটি বহুল আলোচিত বিষয়।

এ কাজ খুব কঠিন নয়। একটি সচেতন হলে জ্ঞাত ২ মাইক্রো এডিশন (J2ME)-এর মাধ্যমে এ কাজ করতে পারবেন। জ্ঞাত প্রোগ্রামিং জ্ঞানের সাহায্যে অতি সহজে J2ME ব্যবহার করে বিভিন্ন সফটওয়্যার অথবা গেম ডেভেলপ করতে পারেন মোবাইলফোনে জন্য।

স্বান কর্প: জ্ঞাত প্রযুক্তিকে মূল্য দিবার সফলকর ভাগ করণে। ওগুলো হলো:

- ১। জ্ঞাত ২ মাইক্রো এডিশন- J2ME
- ২। জ্ঞাত ২ স্ট্যান্ডার্ড এডিশন- J2SE

এন্টাগ্রাইড সার্ভিস	ওয়ার্ল্ড স্টেনডেডেট ল্যাপটপ	গ্রীন সোন কমিউনিকেশনস	বার্ট ফোনস সেল ফোন	মিক্স
জ্ঞাত২ এন্টারপ্রাইজ এডিশন	জ্ঞাত২ স্ট্যান্ডার্ড এডিশন	সিডিসি	পেজার সিডিসি	কার্ডস
ইন্টারনেট	মোবাইল	মোবাইল	মোবাইল	মোবাইল

৩। জ্ঞাত ২ এন্টারপ্রাইজ এডিশন- J2EE
জ্ঞাতের প্রতিটি সংস্করণই বিশেষভাবে এক একটি নির্দিষ্ট প্রক্রিয়ার জন্য ডেভেলপ করা হয়েছে। হতে পারে তা একটা ডেভেলপ করা কম্পিউটার অথবা একটা কনজুমার ডিভাইস অথবা কোন এন্টারপ্রাইজ নেটওয়ার্ক সার্ভার। এ সব ডিভাইসের জন্য এপ্লিকেশন সফটওয়্যার ডেভেলপ করতে হলে দরকার একটা সার্বজনীন শক্তিশালী প্রক্রিয়ার, যাতে প্রতিটি ডিভাইসের বৈশিষ্ট্য অনুযায়ী সফটওয়্যার ডেভেলপ করা যায়। তবে ব্যাপকভাবে ব্যবহৃত প্রোগ্রামিং প্রক্রিয়ার জ্ঞাতের মাধ্যমে এসব এপ্লিকেশন সফটওয়্যার ডেভেলপ করা তুলনামূলকভাবে অনেক সহজ। জ্ঞাত ২ প্রক্রিয়ার, মাইক্রো এডিশন J2ME-এর মাধ্যমে মোবাইল ফোন, পিডিএ, টিভি সেট আপ ব্লক এবং আরো অন্যান্য ডিভাইসের জন্য এপ্লিকেশন সফটওয়্যার ডেভেলপ করা যায়। ইন্টারফেস J2EE, ডেভেলপ J2SE এনভায়রনমেন্টগুলোর মধ্যে J2ME-এ আছে জ্ঞাত জার্মানি যেমনি এবং বেশ কিছু স্ট্যান্ডার্ড জ্ঞাত এপিআই।

জ্ঞাত প্রযুক্তির পূর্ণ ক্ষমতা ও সব সুবিধা J2ME উদ্বেষিত ডিভাইস দিয়ে থাকে। এর মধ্যে আছে ব্যবহারকারীদের জন্য সহজবোধ্য নমনীয় ইন্টারফেস, কঠোর নিরাপত্তা ব্যবস্থা ও নেটওয়ার্ক প্রোটোকল এবং অফ-লাইন এপ্লিকেশন ডাউনলোডযোগ্য ডিভাইসে ডাউনলোড করার ব্যবস্থা। J2ME'র এপ্লিকেশনগুলো অনেক ধরনের ডিভাইসের জন্য কাজ করে। বিশ্বব্যাপী খ্যাতিমান কোম্পানিগুলো এগুলো সরবরাহ করে। এক কথায় বলতে গেলে মোবাইল ফোনের সফটওয়্যার ডেভেলপ করার জন্য J2ME প্রক্রিয়ারই আজকের দিনে সবার প্রথম পছন্দ।

J2ME আর্কিটেকচার

J2ME আর্কিটেকচার ডেভেলপ করা হয়েছে নানা ধরনের কমফিগারেশন, প্রোগ্রামিং এবং বেশ কিছু প্যাকেজ দিয়ে, যা একত্রিত করে J2ME কিছু নির্দিষ্ট ডিভাইসের এনভায়রনমেন্ট এপ্লিকেশন পূর্ণ জ্ঞাত রানটাইম এনভায়রনমেন্ট প্রদান করে, যা ব্যাপক আকারে নির্দিষ্ট

ডিভাইসগুলোতে ব্যবহার করা সম্ভব। ডিভাইসগুলোর মেমরি, প্রসেসিং ক্ষমতা এবং ইনপুট-আউটপুট আদান-প্রদান করার ক্ষমতার উপর নির্ভর করে J2ME আর্কিটেকচার কাজ করে। এর ফলে সবার জন্য ব্যবহারযোগ্য জ্ঞাত এনভায়রনমেন্ট নির্দিষ্ট করা সম্ভব হয়, যা প্রত্যেক প্রকার ডিভাইসের জন্য পূর্ণ সুবিধা দেয়।

কনফিগারেশন

বর্তমানে দু ধরনের J2ME কনফিগারেশন আছে। প্রথমটি হলো কান্ট্রিডেড লিমিটেড ডিভাইস কনফিগারেশন (CLDC) এবং দ্বিতীয়টি হলো কান্ট্রিডেড ডিভাইস কনফিগারেশন (CDC)। কনফিগারেশনগুলো একটি জার্মানি মেশিন আর কিছু ড্রাস লাইব্রেরী একত্রিত করে, যা কিছু নির্দিষ্ট ধরনের ডিভাইসে বিশেষ কর্মক্ষমতা প্রদান করে, যেমন: নেটওয়ার্ক কান্ট্রিডেড এবং মেমরি ফুটপ্রিট।

প্রোগ্রামিং

ডিভাইসে পূর্ণ রানটাইম এনভায়রনমেন্ট সুবিধা পাওয়ার জন্য একটি কমফিগারেশনের প্রয়োজন হয়, একটি প্রোগ্রামিং এবং কিছু উচ্চতর এপিআই যা এপ্লিকেশনের লাইফ সাইকেল মডেলকে ব্যাখ্যা করে। ব্যবহারকারীর জন্য ইন্টারফেস এবং ডিভাইস এক্সেসের কিছু নির্দিষ্ট তথ্যাবলী। নির্দিষ্ট কনফিগারেশনের মধ্যে একটি প্রোগ্রামিং কিছু নির্দিষ্ট শ্রেণীর ডিভাইস সার্গেট করে যেমন, সেলফোন ও অন্যান্য ডিভাইসের জন্য CLDC, মোবাইল ইনফরমেশন ডিভাইস প্রোগ্রামিং (MIDP) এর সাথে একত্রিত করা হয় জ্ঞাতের পূর্ণ এপ্লিকেশন এনভায়রনমেন্ট সুবিধা পাওয়ার জন্য। CLDC অথবা CDC এবং সফটওয়্যার প্রোগ্রামিং যুক্ত করে বিভিন্ন প্যাকেজ বর্তমানে টেকনোলজী স্ট্যাকে যোগ হয়ে J2ME প্রক্রিয়ারমকে বর্ধিত করে। এই প্যাকেজগুলো স্ট্যান্ডার্ড এপিআই সুবিধা অথবা ডাটাবেজ কনট্রোলিং, ওয়্যারলেস মাসেসিং, মাল্টিমিডিয়া, ব্লুটুথ এবং ওয়েব সার্ভিসের সুবিধা দেয়।

কান্ট্রিডেড লিমিটেড ডিভাইস কনফিগারেশন (CLDC)

আজকের দিনে CLDC সেট ব্যবহার করা হবে ডাই নিএলডিসি সেটের ব্যাপারে জানা থাকা অতি জরুরী। কম মেমরি এবং কম পাওয়ার সক্ষমত মোবাইল ডিভাইসের জন্য নিএলডিসি টেকনোলজী জ্ঞাত প্রক্রিয়ারমকে সজ্জায়িত করে। সিএলডিসি ডেভেলপ করা হয়েছে কে

ভার্চুয়াল মেশিন (KVM) এবং কোর ক্লাস দিয়ে যা বিভিন্ন ডিভাইস যেমন সেলফোন, পার্সোনাল ডিভাইসের, পিডিএ ইত্যাদিতে ব্যবহার হয়। জাভা ভার্চুয়াল মেশিন নির্দিষ্ট ক্যাটাগরির ডিভাইস সাপোর্ট করে যা সিএলডিসি দিয়ে নির্মিত করা। আর সিএলডিসি এই নির্দিষ্ট চাহিদা পূরণের জন্য জাভা ভার্চুয়াল মেশিনটি হলো KVM। সিএলডিসির প্রাথমিক লক্ষ্য হলো একটি ছোট জাভা প্রুটফরম সংজ্ঞায়িত করা, রিসোর্স ট্রিক করা, ডিভাইসগুলোকে সংযুক্ত করা এবং অন্য ডেভেলপ করা এপ্রিকেশনগুলোকে নিজ ডিভাইসে ট্রিকমতো চালান করা। J2ME দিয়ে ছোট ডিভাইস যেমন সেলফোন, পেজার ও পিডিএ-এর প্রোগ্রামিংয়ের একটি প্রধান ব্লক হলো সিএলডিসি। এ ডিভাইসগুলোতে কম মেমরি রিসোর্স ও প্রসেসিং পাওয়ার থাকে বলে পূর্ণ জাভা প্রুটফরম ব্যবহার সম্ভব হয় না। সিএলডিসি কিছু জাভা প্যাকেজ ও ক্লাস আর কম কর্মক্ষম জাভা ভার্চুয়াল মেশিন নির্দিষ্ট করে যা এসব ছোট ডিভাইসের ক্ষেত্রে কার্যকরভাবে কাজ করে।

সিএলডিসি জেডিএম (CLDC JVM)

J2ME প্রুটফরমে কাজ করতে হলে সিএলডিসি জাভা ভার্চুয়াল মেশিনের ব্যাপারে কিছু জ্ঞান থাকা দরকার যা J2SE ব্যবহারে সহায়তা করবে। যেসব ডিভাইসের জন্য সিএলডিসি ব্যবহার করা হয়, সেসব ডিভাইসের সফটওয়্যার এবং হার্ডওয়্যারগত সমস্যার কারণে একটি সম্পূর্ণ জাভা ভার্চুয়াল মেশিন অথবা সাধারণ J2SE কোর ক্লাস ব্যবহার সম্ভব নয়। সাধারণ একটা এপ্রিকেশন মেশিন-‘হালো ওয়ার্ল্ড’ চালাতে উইন্ডোজ প্রুটফরমের প্রয়োজন ১৬ মেগা মেমরি অপরণমের সিএলডিসি ক্ষেত্রে প্রয়োজন:


- অন্তত ১১৮ কে.বি. রম, ক্লাস মেমরি বা যান্ত্রিক সার্ভোইড মেমরি যা জাভা ভার্চুয়াল মেশিন ও ক্লাস লাইব্রেরী সংরক্ষণ করে এবং সিএলডিসি প্রুটফরম তৈরি করে।
- রানটাইম এপ্রিকেশনের জন্য ৩২ কে.বি, অপসারণযোগ্য মেমরি (ভোলটেজি মেমরি)। জাভাতে অবজেক্ট এবং স্ট্যাকের জন্য (Heap) হীপ স্পেস সংরক্ষণ এবং ক্লাস লোডিং-এর জন্য মেমরি সংরক্ষণ- এ দু’য়ের জন্য ৩২ কে.বি অপসারণযোগ্য মেমরির প্রয়োজন হয়।

এসব মেমরি বিশেষ্য ছাড়াও সিএলডিসি যে ডিভাইসে ব্যবহার হয় সে ডিভাইসের ক্ষেত্রে ধরে নেয়া হয় যে, কোনকরম কীবোর্ড জাতীয় ইনপুট ডিভাইস অথবা ডিসপ্লে ব্যবহার হবে না এবং এর ডাটা সংরক্ষণের জন্য কোন লোকাল স্টোরেজও থাকবে না।

মোবাইল ইনফরমেশন ডিভাইস প্রোফাইল (MIDP)

এবার মোবাইল ইনফরমেশন ডিভাইস প্রোফাইল সম্পর্কে আলোচনা করা যাক। এটি হলো জাভা এপিআইলোর একটি বিশেষ প্লট যা সিএলডিসির সাথে একত্রিত হয়ে একটি


সম্পূর্ণ J2ME এপ্রিকেশন চালায় মোবাইল ডিভাইসসমূহে। যেমন সেলফোন, পেজার ইত্যাদি। এ ডিভাইসগুলোর এপ্রিকেশন আর্কিটেকচার এবং বিভিন্ন এক্সটেন্ডে বিখ্য যেমন ইউজার ইন্টারফেস, টোয়েজ এবং নেটওয়ার্ক-এর বিবরণগুলো এমআইডিপি নির্ধারণ করে।



এমআইডিপি রানটাইম এনভায়রনমেন্ট ডায়নামিক্যালি নতুন এপ্রিকেশন ও সার্ভিস মোবাইল ডিভাইসে আমদানী করতে পারে। এমআইডিপি দিয়ে নির্দিষ্ট এপিআই-এর জন্য এপ্রিকেশন ডেভেলপ করে মোবাইল ডিভাইসে ব্যবহার করতে পারেন। এমআইডিপির প্রাথমিক লক্ষ্য হলো এপ্রিকেশন চালানা যাতে কার্যকর সবচেয়ে কম ব্যবহার হয় এবং সীমিত হীপ সাইজ সর্বমোট মাইক্রোপ্রসেসর কম গরাজেই তৈরি করে।

এমআইডিপি এপ্রিকেশন (মিডলেটস) এবং এমআইডিপি-এর লাইফ সাইকেল

মোবাইল ফোন ও পেজারের জন্য যে এপ্রিকেশনগুলো লেখা হয় ডাকে বলা হয় মিডলেট। এগুলোটির মতোই মিডলেটস সফটওয়্যার দিয়ে নিয়ন্ত্রিত হয়। আমরা যেমন ডিভাইস চালু করার জন্য প্রুটজার ব্যবহার করি



তেমনি মিডলেট রান করার জন্য ব্যবহার করা হয় মোবাইল ফোন বা পেজার। এমআইডিপির একটি এপ্রিকেশন হলো মিডলেট যা ব্যবহারকারির ইচ্ছেনুযায়ী নিয়ন্ত্রিত হয়।

এমএমএস: ডিভাইসে এমআইডিপি রান করতে হলে প্রত্যেক ডিভাইসের জন্য নির্দিষ্ট এপ্রিকেশন মানেজমেন্ট সফটওয়্যার (এমএমএস) দরকার। এই সফটওয়্যারের সাহায্যে মিডলেট ইন্টেল করা, ম্যানেজ করা এবং রিমুভ করা যায়। মিডলেটের এই লাইফ সাইকেলকে এ

হিটাইড্যান্স: এমএমএস থেকে সোর্স হতে মিডলেট ডাউনলোড করে এবং মেমরিতে মিডলেটটি সংরক্ষণ করে। ডাউনলোড কিভাবে হবে তা নির্ভর করে ডিভাইসের ওপর যেমন, পাঠ হতে পারে সিরিয়াল কাবল, আইআইএসপি এপিআই অথবা ওয়্যারলেস নেটওয়ার্কের মাধ্যমে।

ইনস্টলেশন: ডাউনলোড হবার পর এমএমএস মিডলেটটি ইনস্টল করে। ইনস্টল হবার সময় এমআইডিপি ইমপ্লিমেন্টেশন নিশ্চিত করে যে মিডলেটটি ডিভাইসটির নিরাপত্তা বিধিগত করে না।

লক্ষিণ: ব্যবহারকারীর ইচ্ছেনুযায়ী মিডলেটটি ডিভাইসে রান করা যায়। এ সময় মিডলেটটি কেডিএম-এ প্রবেশ করে।

ডার্নি ম্যান্ডেজমেন্ট: এমএমএস মিডলেটের ডার্নিসহ সব মিডলেটের হিসেব রাখে। আর এই ইনফরমেশনই মিডলেট আধোভঙ্গ করার সময় কাজে লাগে।

রিট্রায়াল: এমএমএস মিডলেট অপসারণ করার সাথে সাথে ব্যবহার করা মেমরি ফ্রী করে দেয়। এমএমএস দিয়ে মিডলেট কার্বার হবার পর ডিভাইট অথবা থাকতে পারে।

পন্থ: এমএমএস, মিডলেটটি কার্বার করার পর এ অবস্থায় প্রবেশ করে। এটি সক্রিয় থাকা অবস্থায়ও এ স্টেটে আসতে পারে।

এক্সিট: এ স্টেটে মিডলেটটি সাধারণভাবে চলে। কোন রকম রানটাইম ইন্ট্রেশন না থাকলে পূর্ববর্তী স্টেটে এই স্টেটে আসে।

ডেইলিভার: এ স্টেটে আসার মানে হলো মিডলেটটি ব্যবহৃত সব রিসোর্স ফ্রী করে দিয়েছে। মিডলেটটি এই স্টেটে প্রবেশ করতে পারে রানটাইম

এক্সপ্রেশনের জন্য paused স্টেট থেকে অথবা ব্যবহারকারী এন্ড্রিড স্টেটে এপ্রিকেশন বন্ধ করে দিয়ে। ওয়্যারলেস ইন্টারনেট প্রায় ২০টি কোম্পানি রতমানে এমআইডিপি সাপোর্ট করে। মটোরোলা, এলজি এবং নোকিয়া'র মতো আরো বিভিন্ন নাম করা কোম্পানি নিতানতুন ডিভাইস নির্মাণ করছে যা এমআইডিপি সাপোর্ট করে। সেজন্য যদি এ J2ME দিয়ে মোবাইল ফোনের জন্য মিডলেট

লিখেতে চান তাহলে আর দেরী না করে আন্ড্রই হয়ে যান। ☐

আধুনিক সভ্যতার বিনোদনের নতুন মাধ্যম মোবাইল ফোন টেলিভিশন

মো: সাইব্লুস্‌স

একটা সময় ছিল যখন মোবাইল ফোন শুধু কথা বলার জন্য ব্যবহার হতো। যতই দিন যাচ্ছে মোবাইল ফোনের কাজের পরিধি ততই বিস্তার লাভ করছে। প্রযুক্তির ধারাবাহিকতায় একে একে এসেছে সেলফোন, ক্যামেরা ফোন, স্মার্ট ফোন ইত্যাদি। মোবাইল ফোনে যে প্রযুক্তিটি অর্চনাই আজকাল করতে হচ্ছে, তা হলো সেল্যুলার টেলিভিশন। কথা বলার পাশাপাশি ফ্রাইকোলা মোবাইল ফোনে একই সাথে চ্যাম স্বর, তথ্য এবং বিনোদন। এরই প্রেক্ষিতে মোবাইল টিভির চর্কণ হয়ে ওঠে অপরিহার্য।



সেল্যুলার টেলিভিশন বা মোবাইল টিভি হলো প্রকৃতির এমন এক সুবিধা যেখানে মোবাইল ফোনে টেলিভিশন দেখার স্বাদ পাওয়া যাবে। অর্থাৎ টিভি দেখার জন্য আপনার আর কোন ইলেক্ট্রনিক যন্ত্রের ওপর নির্ভর করতে হবে না, বরং যেখানে খুশি সেখানেই আপনি টিভি দেখতে পারবেন, শুধু আপনার হাততে হবে টিভি সাপোর্টেড মোবাইল ফোন এবং মোবাইল এন্টারটেনমেন্ট স্টেশন। যান্ত্রিকভাবে মোবাইল ফোনে টেলিভিশন দেখার অনেক দেশেই মোবাইল অপারেটররা টিভি সার্ভিস চালু করেছে। মোবাইল স্ক্রিনের স্কেট পিকচার এই সার্ভিসের কন্টেন্ট যদিও বর্তমানে অনেকটা সীমিত, তবুও মোবাইল টিভির ভবিষ্যৎ চাহিদা সম্পর্কে টেকনোলজি কোম্পানিগুলো বেশ আশাবাদী। যুক্তরাষ্ট্রের কোয়ালকম ইনকর্পোরেটেড এবং ট্রোসান ইন্সটিটিউটস ইনকর্পোরেটেড প্রতিষ্ঠান দুটি মোবাইল ডিভাইসে দ্রুত ডিভিও সিগন্যাল আদান-প্রদানের লক্ষ্যে গুরুত্বসহ চিপ ডেভেলপ করার কাজ শুরু করেছে। ২০০৬ সালের মধ্যে একটি সেল্যুলারডিভি সার্ভিস চালু করার জন্য কোয়ালকম ইতোমধ্যে ৬০০ মিলিয়ন ইউএস ডলার বিনিয়োগ করেছে, যার মাধ্যমে দ্রুতগতির সেল্যুলারডিভি সার্ভিস ব্রডকাস্ট করা সম্ভব হবে।


সেল্যুলার টিভি টেকনোলজি

মোবাইল ডিভাইসে মাল্টিমিডিয়া সার্ভিস-এর ব্যাপক চাহিদার লক্ষ্যে UMTS (Universal Mobile Telecommunication System)-এর জন্য প্রিন্সিপ্যালের ব্যবহার শুরু হয় ইউরোপে। দুটি ইউরোপিয়ান টেরেস্ট্রিয়াল ব্রডকাস্ট সিস্টেম DVB (Digital Video Broadcasting) এবং DAB (Digital Audio Broadcasting) মোবাইল ডিভাইসে ডিভিও স্ক্রিনিং কন্টেন্ট প্রদর্শনের জন্য আলাদা আলাদা।

মোবাইলে টিভি সম্প্রচারের জন্য যে টেকনোলজির উদ্ভব ঘটেছে তা হলো DVB-H (DVB-Handheld) টেকনোলজি। ডিভিবি-এইচ টেকনোলজি এনসে ডিভি-টি (DVB-Terrestrial) টেকনোলজির উৎকর্ষ সাধনের মাধ্যমে। ডিভিবি সিস্টেমের টেরেস্ট্রিয়াল ভার্সন থেকে ডিভিবি-টি-এর উদ্ভব। পৃথিবীর বহু দেশে এই টেরেস্ট্রিয়াল সিস্টেম চালু আছে। জার্মানির বার্লিনে ২৫০,০০০টি ডিভিবি-টি রিসিভার বিক্রি হয়েছে যা এলাপ টেলিভিশন হতে ডিজিটাল টেলিভিশন দেখার সুযোগ করে দিয়েছে। মোবাইলে ডিভিবি-টি টেকনোলজি ব্যবহার হচ্ছে অফিস ও

- দ্রুত ডাটা ট্রান্সফার করার জন্য।
- তবে এর মূল সমস্যাগুলো হলো:
 - অধিক পাওয়ার কনসাম্পশন।
 - সেল্যুলার এনজায়নসমূহ-এর পারফরমেন্স;
 - ক্যারিয়ার টু নয়েজ হার মোবাইল চালানো।
 - মোবাইল চ্যানেলে ডপলার।
 - ইমপালসু ইন্টারফেরেন্স।
 - মোবাইল নেটওয়ার্ক ফ্রেজিলিট্য বা সহজসাধ্য নয়।

তাঁই ডিভিবি-টি প্রযুক্তি মোবাইলের জন্য ব্যবহার হলেও মাল্টিমিডিয়া এপ্রিকেশনের জন্য তা যথেষ্ট নয়। মাল্টিমিডিয়া এপ্রিকেশনের জন্য উচ্চ গতিতে ডাটা ট্রান্সফারের প্রয়োজন হয়। মোবাইল ফোনে মাল্টিমিডিয়া এপ্রিকেশন বিশেষ করে টিভি সম্প্রচার করার জন্য আরো উন্নত প্রযুক্তি দরকার হয় যা ডিভিবি-এইচ প্রযুক্তিতে বিদ্যমান। ব্যাটারি পাওয়ার্ড মোবাইল ফোনে টিভি দেখার ডিভিবি-এইচ প্রযুক্তির বড় সুবিধা। ব্যাটারি পাওয়ার কম গ্রহণ করার সাথে সাথে এটি ডিভিবি-টি সিস্টেম ও নেটওয়ার্কের সাথেও সামঞ্জস্যপূর্ণ।



সেল্যুলার টিভি টেকনোলজি

এর ডাটা গ্রহণ করার ক্ষমতা ৮ মে.হা. চ্যানেলে প্রতি সেকেন্ডে ১৫ মে.বি.।

- ডিভিবি-এইচ প্রযুক্তির উল্লেখযোগ্য বৈশিষ্ট্য
 - এটি তৈরি করা হয়েছে ডিভিবি-টি এর পেয়ার বা আউটপাইন দিয়ে যা মোবাইল ডিভাইসে ডাটা ট্রান্সফার করে।
 - ডিভিবি-এইচ প্রযুক্তিকে ডিভিবিটি ট্রান্সমিটার নেটওয়ার্ক ব্যবহার করা সম্ভব।
 - এ প্রযুক্তি চমৎকার ব্রডকাস্ট কোয়ালিটি ছবি প্রদর্শন করতে সক্ষম কেননা এর স্ক্রিন রেজ্যুলেশন VHS ট্যাডার্ড-এর সমতুল্য।
 - ব্যান্ডউইডের দক্ষতায় ব্যবহারের মাধ্যমে প্রায় ৫৫টি মোবাইল টিভি চ্যানেল প্রদর্শন করা সম্ভব।
 - এটি উচ্চর গতিতে ডাটা ট্রান্সফার করা এবং এর জন্য উচ্চতর ট্রান্সমিটিং পাওয়ার প্রয়োজন।
 - ইউরোপিয়ান দেশগুলোতে UHF band-এর জন্য ডিভিবি-এইচ সার্ভিসের কোন সুযোগ নেই।

বিভিন্ন দেশে মোবাইল টিভি সার্ভিস

অনেক দেশেই ইউতোমধ্যে মোবাইল টেলিভিশন কার্যক্রম চালু হয়েছে। যদিও মোবাইল ফোনে টিভি সম্প্রচারের গতি বর্তমানে বেশ দীর্ঘ, তবুও এটি গ্রাহকদের মাঝে যথেষ্ট আল্লাহ সৃষ্টি করেছে। জাপান এবং কোরিয়ায় ইতোমধ্যে দ্রুতগতির সেল্যুলারনেটওয়ার্কের আওতায় মোবাইল টিভি সার্ভিস চালু করেছে। জাপানের বিখ্যাত সেল্যুলারপ্রোডাইজার 'এনটিটি ডোকোমো ইনকর্পোরেটেড' তাদের ডিভিও সার্ভিস চালু করে ২০০১ সালে। যুক্তরাষ্ট্রের ভেরিজোন কমিউনিকেশন মোবাইলে টিভি সম্প্রচার আরম্ভ করেছে এ বছরের ফেব্রুয়ারি মাস তে 'ডি কা' নামে ভেরিজোন-এর এই টিভি সার্ভিস আমেরিকার ৩০টি মেট্রো এরিয়াতে মাসিক ১৫ ডলারের বিনিময়ে কার্যক্রম চালু করেছে। তিনটি স্ক্রিন মডেলের মোবাইল ফোনে এই সুবিধা পাওয়া সম্ভব। এগুলো হলো এলজি VX-8000, স্যামসাং SCH-A890 এবং UTSIstarc.com-এর CDM-8940। টিভি চ্যানেলগুলোর মধ্যে আছে খবরের জন্য এনবিসি ও সিএনএন এবং বোনাফুরার খবরের জন্য ইএসপিএন ও ফর। অপর একটি মার্কিন প্রতিষ্ঠান শ্রুটি কর্পোরেশন তাদের গ্রাহকদের মোবাইলে টিভি চ্যানেল দেখার সুবিধা দিয়েছে। এই টিভি সার্ভিস সেলফোনে প্রতি সেকেন্ডে ১৫টি ফ্রেম সম্প্রচার করে থাকে, যেখানে সাধারণ টিভিতে ফ্রেম সম্প্রচারের হার হচ্ছে ৩০টি। এতে ফর, এনবিসি নিউজ ও ডিসকভারী চ্যানেলসহ দু'ডজননের বেশি নেটওয়ার্কের ডিভিও স্ক্রিন দেখার সুযোগ রয়েছে। এ সার্ভিসের আওতায় মাসিক দশ ডলারের বিনিময়ে ফর চ্যানেল নিউজ-এর সাধারি ডিভিও স্ক্রীম দেখা যাবে। ভবিষ্যতে তাদের আরো পূর্ণ টিভি চ্যানেল দেখানোর ইচ্ছা আছে। মোবাইল টিভি সার্ভিস প্রদানকারী অপর একটি মার্কিন প্রতিষ্ঠান পিলগার ওয়ারারসেস কোম্পানি তাদের গ্রাহকদের মাসিক ১০ ডলারের বিনিময়ে ২২টি চ্যানেল দেখার সুবিধা দিয়েছে। (কাকি অংশ ৯৩ পৃষ্ঠায়)

